# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা।

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী

সভার স্থান ঃ পৌরসভার সম্মেলন কক্ষ, সভার তারিখ ঃ ২৮.১২.২০২২ইং সভার সময় ঃ দুপুর ১২.০০ টা, সভার সভাপতি ঃ মকবুল হাসান মাকুল, প্যানেল মেয়র-১, মাগুরা পৌরসভা।
সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য এবং সভায় সম্মানীত সদস্যদের অনুপস্থিতিঃ পরিশিষ্ট - 'খ' দ্রষ্টব্য।

আলোচ্যসূচী – ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা কার্য শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। | কোন সংশোধনী নাই | সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী - ২ ঃ নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচী (UGIAP-Urban Governance Improvement Action Program) বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ(Citizen Awareness and Participation)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ক) TLCC গঠন ও কার্যকর রাখা(সূত্র ঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা) | আগামী ৩১ ডিসেম্বর/২০২২-এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হবে ।<br>• TLCC এর সম্মানীত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে বিশেষভাবে অনুরোধ জানান যাতে পৌর কর্মকান্ডে জনসম্পৃক্ততা নিশ্চিত হয়।<br>• TLCC সভার কার্যবিবরণী আগামী ০৭-০৩-২০২৩ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>• সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা হবে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব জানান, স্থানীয় সরকার(পৌরসভা) আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী মাগুরা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিটি TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যের মধ্যে নোটিশ ও কার্যপত্র বিতরণ করা সহ সভা ধারাবাহিকভাবে চলমান আছে। বিগত TLCC সভার কার্যবিবরণী ০৫/১০/২০২২ইং তারিখে PMO তে প্রেরণ করা হয়েছে।<br>প্যানেল মেয়র মহোদয় TLCC'র সম্মানিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে অত্র পৌর এলাকার মধ্যে ডেঙ্গু প্রতিরোধকল্পে কার্যক্রম অব্যাহত আছে মর্মে সকলকে অবহিত করেন এবং সভায় নিয়মিত ও যথাসময়ে উপস্থিত হতে সদস্যগনকে পুনরায় অনুরোধ করেন। UGIIP-III প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জেলা প্রশাসনের দিক নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যাহত আছে বলে তিনি সভাকে জানান। তিনি UGIIP-III প্রকল্প থেকে লব্ধ জ্ঞান ও দক্ষতার ভিত্তিতে পৌরসভাকে স্বাবলম্বী দেখতে চান। | আগামী ৩১ মার্চ/২০২৩ -এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হবে ।<br>• TLCCএর সম্মানীত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে বিশেষভাবে অনুরোধ জানান যাতে পৌর কর্মকান্ডে জনসম্পৃক্ততা নিশ্চিত হয়।<br>• TLCC সভার কার্যবিবরণী আগামী ০৭-০৪-২০২৩ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>• সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা হবে। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২ | খ) WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আগামী ৩০ ডিসেম্বর/২০২২-এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে। পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা হবে। বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং ত্রৈ-মাসিকের WC'র ত্রৈ-মাসিক সভা তথ্য ভিত্তিক ৯টি ওয়ার্ডে প্রতিটি ওয়ার্ডে ১টি করে সভা অনুষ্ঠিত হয়েছে । TLCC'র সদস্য জনাব মোঃ এনামুল কবির বলেন- পৌরসভার ড্রেন পরিষ্কার ও সাপ্লাইয়ের পানি নিয়মিত পরিষ্কার করার জন্য অনুরোধ করেন। | আগামী ৩১ মার্চ/২০২৩ইং এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে। পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা হবে। বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। | নির্বাহী প্রকৌশলী/বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৩ | গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | সংশোধিত সিটিজেন চার্টার দপ্তরের প্রধান ফটকের সামনে টাঙ্গানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশোধিত সিটিজেন চার্টার দপ্তরের প্রধান ফটকের সামনে টাঙ্গানোর বিষয়ে আলোচনা করা হয়। | | প্রশাসনিক কর্মকর্তা |
| ৪ | ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (GRC) (সেল গঠন ও কার্যকর রাখা) | এ ধরণের অভিযোগ পাওয়া মাত্রই সমাধান করার উদ্যোগ গ্রহণ করার কাজ চলমান অব্যহত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ ধরণের অভিযোগ পাওয়া মাত্রই নিয়মানুযায়ী তাহা সমাধান করার উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে এবং অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং এ ৫৭ টি অভিযোগ পাওয়া যায় তারমধ্যে ৫৭ টি লিখিত অভিযোগগুলি উভয়পক্ষের শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়। প্রাপ্ত লিখিত অভিযোগগুলি সমাধান করে রেজুলেশন আকারে সংশ্লিষ্ট সকলকে বিতরন/ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | এ ধরণের অভিযোগ পাওয়া মাত্রই সমাধান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | GRC এর সভাপতি এবং সকল বিভাগীয় প্রধানগণ। |

## ক্ষেত্র - ২। নগর পরিকল্পনা(Urban Planning)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৫. | ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | PDP অনুযায়ী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | UGIIP-III প্রকল্পের বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী উপস্থিত সকলকে অবহিত করেন যে, তৃতীয় নগর অবকাঠামো উন্নতি করন (সেক্টর) প্রকল্পের আওতায় সর্বমোট ১২ (বারো) প্যাকেজে সর্বমোট সংশোধিত চক্তি মূল্য=৯১,৮২,৭৮,২৬৩.৪২ টাকা। যার ১২ (বারো) টি প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হয়েছে। এর মধ্যে ০৫ (পাঁচ) টি প্যাকেজে প্রায় ৩৯,১৯,৩৯,৮০০/= টাকা ব্যয়ে ৭০.২৩২ কি.মি. রাস্তা নির্মান ও পূনঃ নির্মান এবং ০১ (এক) টি প্যাকেজে প্রায় ৭,৮৩,৭৮,৪০০/= টাকা ব্যায়ে ৭.৮৮৩ কি.মি. ড্রেন নির্মানের কাজ শেষ হয়েছে যার চুড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে এবং এছাড়া ০১ (এক) টি প্যাকেজে মিউনিসিপ্যাল ফ্যাসিলিটিজের আওতায় ৩,২৯,৩৯,৮৪৯/=টাকা ব্যায়ে নতুন বাজার ও পূরাতন বাজারে ০২ (দুই) আধুনিক মানের কিচেন মার্কেটসহ আভ্যন্তরিন রাস্তা ও ড্রেন নির্মাণ করা হয়েছে, যার চুড়ান্ত বিল প্রকল্প সদর দপ্তর হতে অনুমোদন সাপেক্ষে ঠিকাদারকে চুড়ান্ত পরিশোধ করা হয়েছে। ০১ (এক) টি প্যাকেজে | PDP অনুযায়ী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশলী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | =১৯,০২,৬৪,০০০/= টাকা ব্যয়ে পারনান্দুয়ালী লক্ষীকান্দর বুচিখালী ক্যানালের উপর কুমার নদীর তীরে দৃষ্টি নন্দন শেখ রাসেল পৌর শিশুপার্ক নির্মাণসহ শহরের অভ্যন্তরে বিউটিফিকেশনের কাজ বাস্তবায়ন করা হয়েছে, পার্কটি গত ২৩/০৬/২০২২ খ্রিঃ অত্র পৌরসভার মেয়র জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুলের সভাপতিত্বে, স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব এ্যাড. সাইফুজ্জামান শিখর, জেলা প্রশাসক জনাব ড. আশরাফুল ইসলাম, পুলিশ সুপার জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III), জনাব এ,কে,এম রেজাউল ইসলামের উপস্থিতিসহ স্থানীয় সুধীজন এবং সাধারন জনগনের সমন্বয়ে উদ্ভোধন করা হয়। এছাড়া সভার সভাপতি মেয়র, মাগুরা পৌরসভা সভাকে আরো অবহিত করেন যে, সম্প্রতি অর্থাৎ ১৩.০৯.২০২২ খ্রীঃ অতিমাত্রায় বৃষ্টিপাত হওয়ায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সেচ প্রকল্পের আওতায় স্লুইচ গেটের রেগুলেটর বন্ধ থাকায় কুমার নদীতে ও বুচিখালী ক্যানালে ব্যাপকভাবে পানি বৃদ্ধি পাওয়ার ফলে মারাত্বক আকারে খর স্রোতের সৃষ্টি হওয়ায় পার্কটির নদীর পার্শ্বে সামান্ন ক্ষতিগ্রস্থ অংশ মেরামত করে সিসি ব্লক রিসেটিং করা হয়েছে। শহরের কঠিন বর্জ্য ও মানব বর্জ্য অপসারনের জন্য ০১ (এক) টি প্যাকেজে প্রায় ৯৯৮০১১৪৪.০০ টাকা ব্যায়ে আধুনিক মানের স্যালাজ ম্যানেজমেন্ট প্লান্ট (স্যানিটারী ল্যান্ডফিল ও ফিক্যাল স্যালাজ ট্রিটমেন্ট প্লান্ট) নির্মান করা হয়েছে, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রও ইতিমধ্যে পাওয়া গিয়েছে, যার কার্যক্রম অতিশিঘ্রই চালু হবে এবং গ্রাহক পর্যায়ে পানির মিটার স্থাপনের কাজ ০১ (এক) টি প্যাকেজে প্রায় ৩,৫০,৮০,১০৫.০০ টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়েছে, উপরোক্ত ০৩(তিন) টি প্যাকেজের চুড়ান্ত প্রস্তুত করে অনুমোদনের জন্য প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এ ছাড়াও মাগুরা পৌরসভার অভ্যন্তরে নিম্ন আয়ের বাসিন্দাদের উন্নতমানের জীবনযাপনের জন্য ৫,৩৯,৪৭,৪৫০ টাকা ব্যয়ে ৭ টি বস্তিতে ফুটপথ, ড্রেন, টয়লেট, টিউবওয়েল, সোলার স্ট্রীট লাইট, ডাস্টবিনসহ বৃক্ষরোপনের কাজ বাস্তায় কাজ সম্পন্ন হয়েছে। সকল কাজের গুনগত মান সন্তোষজনক। ৭ টি বস্তির প্যাকেজের চুড়ান্ত বিল অনুমোদন পাওয়া গিয়েছে, শিগ্রই বস্তি উন্নয়ন কমিটির অবশিষ্ট পাওনা পরিশোধ করা হবে। Additional Finanace হিসাবে ০১ টি প্যাকেজে ৪টি বস্তিতে উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য =৩,১৮,৮৯,৩১৭.০০ টাকা অনুমোদন পাওয়া, যার সকল কাজ ইতিমধ্যে শেষ হয়েছে।<br><br>IUIDP-II প্রকল্পের আওতায় পূর্বের ১৩ টি প্যাকেজের রাস্তার উন্নয়ন কাজ ১০০% ইতিপূর্বে সম্পন্ন হয়েছে, যর চুড়ান্ত ও পরিশোধ করা হয়েছে এবং উক্ত প্রকল্পের আওতায় ০২টি প্যাকেজে ০২টি আরসিসি গার্ডার ব্রীজসহ অ্যাপ্রোজ রোড নির্মান কাজের মধ্যে ০১ (এক)টি ব্রীজের কাজ সম্পন্ন হয়েছে এবং ইসলাম পূর পূর্বাশা সিনেমা হলের নিকট ব্রীজ নির্মাণ কাজটি চলমান অবস্থায় রয়েছে, কাজের গুনগতমান সন্তোষজনক। এছাড়াও সভার সভাপতি, মেয়র মহোদয় আর ও অবহিত করেন যে, Resilient Urban and Territorial Development Project (RUTDP) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) যাচাই কাজ চলমান রয়েছে। সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) যাচাই শেষে প্রল্পের ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ চালু হবে। বাস্তবায়ন করা হবে। এছাড়া Local Government COVID-19 Response and Recovery Project (LGCRRP) প্রকল্পের CRRP অর্থাৎ COVID-19 Response and Recovery Plan প্রকল্প সদর দপ্তরে জমা প্রদান করা হয়েছে, অনুমোদিত হলে প্রাক্কলন প্রস্তুত পূর্বক কাজ বাস্তবায়ন শুরু হবে। এছাড়াও আরো অবহিত করেন যে, Second City Region Development Project (CRDP-2) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) যাচাই কাজ সম্পন্ন হয়েছে। শিঘ্রই প্রল্পের ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ চালু হবে। | | |
| ৬. | খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | সভার সভাপতি মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা উপস্থিত সকল সদস্যকে অবহিত করেন যে, UGIIP-IIIপ্রকল্পেরআওতায় ২য় পর্যায়ে প্যাকেজ নং-UGIIP-III-2/MAGU/MF/ 01 /2017এর আওতায় পারনান্দুয়ালী লক্ষীকান্দর ক্যানালের উপর ২৫.০ মি. গার্ডার ব্রিজ সহ পার্কের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। পার্কটি গত ২৩/০৬/২০২২ খ্রিঃ অত্র পৌরসভার মেয়র জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুলের সভাপতিত্বে, স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব এ্যাড. সাইফুজ্জামান | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | * কাজটিচুক্তি মোতাবেক সুষ্ঠু সুন্দর ও দৃষ্টিনন্দন রূপে সমাপ্তির লক্ষ্যে মেয়র, নির্বাহী প্রকৌশলী,সহকারী প্রকৌশলী (সিভিল.), |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | শিখর, জেলা প্রশাসক জনাব  ড. আশরাফুল ইসলাম, পুলিশ সুপার জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III), জনাব এ,কে,এম রেজাউল ইসলামের উপস্থিতিসহ স্থানীয় সুধীজন এবং সাধারন জনগনের সমন্বয়ে উদ্ভোধন করা হয় এবং পার্কটি চালু আছে। এছাড়া প্যাকেজ নং-III-2/MAGU/SWM-SN/01/2017এ 01 টি Sanitary Landfill 8110.0 Sqm,০১ টি Fecal Sludge Treatment Plant FSTPএবং ০৩ টি Public Toilet নির্মাণসহ প্যাকেজ নং-UGIIP-III-2/MAGU/WS/01/2017এ গ্রাহক পর্যায়ে পানির লাইনে সংযোগে মিটার স্থাপন কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং প্যাকেজ ০৩(তিন) টির চুড়ান্ত বিল অনুমোদনের জন্য প্রকল্প সদর দপ্তরে জমা আছে। অনুমোদন পাওয়া গেলে ঠিকাদারের বিল পরিশোধ করা হবে। Additional Finanace  হিসাবে ০১ টি প্যাকেজে ৪টি বস্তিতে উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য =৩,১৮,৮৯,৩১৭.০০ টাকা অনুমোদন পাওয়া, যার সকল কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। জরুরী ভিত্তিতে চুড়ান্ত প্রস্তুত করে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদান করা হয়।<br>IUIDP-II প্রকল্পের আওতায় পূর্বের ১৩ টি প্যাকেজের রাস্তার উন্নয়ন কাজ ১০০% ইতিপূর্বে সম্পন্ন হয়েছে, যর চুড়ান্ত ও পরিশোধ করা হয়েছে এবং উক্ত প্রকল্পের আওতায় ০২টি প্যাকেজে ০২টি আরসিসি গার্ডার ব্রীজসহ অ্যাপ্রোজ রোড নির্মান কাজের মধ্যে ০১ (এক)টি ব্রীজের কাজ সম্পন্ন হয়েছে, যার চুড়ান্ত প্রস্তুত করে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা এবং ইসলাম পূর পূর্বাশা সিনেমা হলের নিকট ব্রীজ নির্মাণ কাজটি চলমান অবস্থায় রয়েছে, যা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদান করা হয়। এছাড়া সভার সভাপতি, মেয়র মহোদয় Resilient Urban and Territorial Development Project (RUTDP) প্রকল্পের এবং Second City Region Development Project (CRDP-2) প্রকল্পের প্রকল্প সদর দপ্তরের সকল কার্যক্রমের খোজ খবর রাখাসহ সকল বিষয়ে যোগাযোগ রাখার জন্য প্রকৌশল বিভাগকে নিদেশনা প্রদান করেন।<br>**(ক) বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বিষয় প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত :** অদ্যকার সভায় মেয়র মহোদয় সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের জন্য দপপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন পূর্বক বার্ষিক থোক ও বিশেষ বরাদ্ধের আওতায় মোট ০৭ (সাত) প্যাকেজে = ২,৭৬,০০,১৬৮/-টাকা মাত্রের এবং পৌরসভার রাজস্ব তহবিলের আওতায় ০৩ (তিন) টি প্যাকেজে মোট = ৫৫৭২৩০৬/-মোট ১০ (দশ) টি প্যাকেজে সর্বমোট = ৩৩১৭২৪৭৪.০০ টাকা মাত্রের চুক্তি পত্র সম্পন্ন করা হয়েছে। শিঘ্রই কাজ বাস্তবায়ন শুরু হবে। কাজের গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত হয় এবং প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদান করা হয়।<br><br>**(খ) লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (LGCRRP) শীর্ষক প্রকল্পের কোভিড রেসপন্স গ্রান্ট (সিআরজি) এর আওতায় কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্ল্যান (CRRP)'র প্রণয়ন প্রসঙ্গে।**<br><br>সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা কার্য শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ রেজাউল করিম সভায় পত্র স্মারক নং ঃ ৪৬.০২.০০০০.৬৬০. ০৩.০০৪.২২.৩০, তারিখঃ ২৭-১০-২০২২খ্রি. ((প্রকল্প পরিচালক, লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি), এলজিইডি, ঢাকা)) পুঙ্খানুপুঙ্খভাবে পাঠ করে শোনান। | | উপ-সহকারী প্রকৌশলী ও কার্য-সহকারী দায়িত্ব পালন করবেন। |

সভাপতি মহোদয় লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) এ মাগুরা পৌরসভার অন্তর্ভূক্তিতে উপস্থিত সকলকে অভিনন্দন জানান। তিনি সদস্যদের উদ্দেশে বলেন যে, বিগত দিনগুলোতে **TLCC'র** সদস্যগণের সর্বাত্মক সহযোগিতার ফলে মাগুরা পৌরসভা পর্যায়ক্রমে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প সমূহের অন্তর্ভূক্ত হওয়ায় **TLCC'র** সদস্যগণকে ধন্যবাদ ও অভিনন্দন জানান। তিনি বলেন যে, লোকাল গভারমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) প্রজেক্ট এর মুখ্য উদ্দেশ্য হলো নগরের (পৌরসভা) জনস্বাস্থ্য সেবা উন্নয়ন অথবা প্রতিরোধমূলক ব্যবস্থা শক্তিশালীকরণ, কোভিড-১৯ মহামারী থেকে উত্তরন, ভবিষ্যৎ মহামারী, দূর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত আঘাত এর পূর্বপ্রস্তুতি গ্রহণ ও প্রতিরোধ এবং পূর্ব সক্ষমতা সৃষ্টি। তিনি সভায় উদ্ধৃত পত্রের নির্দেশনার আলোকে সকল সদস্যগণের নিকট সামঞ্জস্যপূর্ণ এবং জনস্বার্থে বাস্তবায়নযোগ্য বিভিন্ন প্রকল্প/স্কীমের বিষয়ে প্রস্তাব ও মতামত আহবান করেন। সভায় জানা যায়, প্রকল্পটি এলজিইডির আওতায় World Bank এর সহায়তাপুষ্ট। কেন্দ্রীয়ভাবে ঋণ চুক্তি ("Local Government COVID-19 Response and Recovery project (LGCRRP), IDA Cr. No-7033-BD") স্বাক্ষরঃ ০৭.৮.২০২২খ্রি.। প্রকল্পের মেয়াদ : ০৩ বছর (২০২২-২০২৩ থেকে ২০২৪-২০২৫ খ্রি.), পৌর পরিষদে খসড়া চুক্তির অনুমোদন : ০৮.০৯.২০২২খ্রি., পৌরসভা কর্তৃক চুক্তি স্বাক্ষর : সেপ্টেম্বর-অক্টোবর/২০২২খ্রি., প্রাধান্য : ০৬ মাস ভিত্তিক প্রকল্পের (Scheme) প্রাধান্য, বিশেষ বৈশিষ্ট্য : TLCC'র মাধ্যমে ০৩ বছর মেয়াদী কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্ল্যান (CRRP) প্রণয়ন, জবাবদিহিতা : ৬ মাসের সন্তোষজনক কার্য বাস্তবায়ন সাপেক্ষে পরবর্তী বরাদ্দ প্রাপ্তি বিবেচ্য। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ মাহাবুবুর রহমান, সহকারী প্রকৌশলী, মাগুরা পৌরসভা সভায় প্রকল্প দপ্তরের পত্রের আলোকে বলেন যে, কোভিড রেসপন্স গ্রান্ট (সিআরজি) এর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা যাবে তা প্রধানত নিম্নরূপ ঃ

**Sub-project/action/scheme** description (location, physical specifications, etc.)

1. Improvement of MaguraPoura Central Graveyard at Vaina, ward No.03.
2. Improvement of DaruaKushitaPorty Slum at Word No.01
3. Construction of Publi Toilet at MaguraPouro Central Bus Terminal area.
4. Construction of 4 Nos. Passenger Shade :
   - (i) Magura-Jhenaidah High-way North side in front of Magura Boys school,
   - (ii) Magura-Jhenaidah High-way South side in front of Magura Polytechnic institute
   - (iii) Magura-Jhenaidah High-way North side in front of Magura 250 Beds Hospital
   - (iv) Magura College road West side in front of Magura Girl's School

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | 5. Maintenance of important roads at MaguraPourashava area:<br>i) Maintenance of DC Banglo/Women college Road at ward No.09 in MaguraPaurashava, Magura.<br>ii) Maintenance of MaguraShishu& Eye hospital Road at ward No.09 in MaguraPaurashava, Magura<br>উপস্থিত শহর সমন্বয় কমিটির (TLCC) সদস্যগন বিস্তারিত আলোচনা পূর্বক উক্ত কাজগুলির গুনগতমান বজায় রেখে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য একমত পোষন করেন এবং বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদানের অনুরোধ করা হয়। | | |
| ৭. | গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | O & M খাতে বরাদ্দকৃত টাকা যথাযথভাবে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয় | ২০২২-২০২৩ অর্থবছরে O & M খাতে সর্বমোট বাজেট বরাদ্ধ ৪০,৭৩,০০০ টাকা। তার মধ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২২ কোয়ার্টারে ব্যয় ৫,৯৪,৬৮০ টাকা। | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | হিসাব রক্ষণ কর্মকতা ও নির্বাহী প্রকৌশলী। |

## ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৮. | ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষণ, র‌্যালি, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান করা হবে।<br>অতপরঃ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মনিরা বেগম বলেন জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের অক্টোবর-ডিসেম্বর/২০২২ কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সচিব জানান চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে বাজেটে জেন্ডার এ্যাকশান প্লানের আওতায় বরাদ্দকৃত ২০,০০০০০/-(বিশ লক্ষ) টাকা ত্রৈমাসিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে পিএমওতে প্রেরণ করা হয়েছে। চলতি কোয়ার্টারে পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে নারীদেরকে দান-অনুদান ও বিভিন্ন সহায়তা বাবদ ৪,৮৪,৮০০/- ব্যয় করা হয়। এছাড়া নারীদের প্রশিক্ষণসহ গ্যাপ বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্যবৃন্দ সকল কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করে একমত পোষণ করেন। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষণ, র‌্যালি, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান করা হবে।<br>অতপরঃ নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সচিব বলেন যে, জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের (জানুয়ারী-মার্চ/২০২৩) কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তানারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি |
| ৯ | খ) দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি | অনুষ্ঠিত আলোচনার আলোকে বাস্তবায়ন কাজ সম্পন্ন হবে। | ২০২২-২৩ অর্থ বছরে বাজেটে দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা প্রণয়ণের আওতায় বরাদ্দকৃত ৩৫,০০০০০/- (পয়ত্রিশ লক্ষ) টাকা ত্রৈমাসিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে পিএমওতে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে বিভিন্ন খরচ বাবদ ৬,৫২,৭০০/- টাকা ব্যয় করা হয় এবং বিভিন্ন | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>দরিদ্রদের বিভিন্ন সহায়তা, দরিদ্রদের স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা, স্থায়ী কমিটি পরিচালনা, | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | | ধরণের সহযোগিতামূলক কার্যক্রম চলমান রয়েছে। আলোচনান্তে সকল সদস্যবৃন্দ সকল কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করে একমত পোষণ করেন।<br>দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি জনাব মনিরা বেগম বলেন- পৌরসভার বিভিন্ন বস্তিতে উন্নয়নমূলক কর্মকান্ড সাধিত হওয়ায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান।<br>সদস্য জনাব হাসি রানী বলেন– নতুন ০৪টি বস্তি অনুমোদিত হওয়ায় উক্ত এলাকায় দরিদ্র মানুষগুলি উপকৃত হবে।<br>অত:পর আলোচনাকালে বস্তিউন্নয়ন কর্মকর্তা সভাকে জানান মাগুরা পৌরসভায় অনুমোদিত ৭টি বস্তির চূড়ান্ত বিলের অনুমোদন পাওয়া গেছে। মেয়র মহোদয়ের নির্দেশনার আলোকে প্রত্যেকটি এসআইসি কমিটির বকেয়া বিলের অর্থ প্রদান করা হচ্ছে। | সরকারি দান-অনুদানসহ কর্মপরিকল্পনানুযায়ী নানামুখি কর্মসূচি চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বস্তির অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে প্রকল্পের নির্দেশনার ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | স্থায়ী কমিটি |
| ১০. | বস্তি উন্নয়ন কমিটির কর্মকান্ডের অগ্রগতির বিস্তারিত আলোচনা। | স্বচ্ছতার ভিত্তিতে উল্লেখিত বস্তিসমূহে উন্নয়ন কাজ চলমান রাখা এবং চূড়ান্ত বিল প্রস্তুত পূর্বক PMO-তে প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউজিআইআইপি-৩ প্রকল্প অনুমোদিত ৭টি বস্তির চূড়ান্ত বিলের অনুমোদন পাওয়া গেছে। মেয়র মহোদয়ের নির্দেশনার আলোকে প্রত্যেকটি এসআইসি কমিটির বকেয়া বিলের অর্থ প্রদান করা হচ্ছে।<br>সদস্য জনাব রিনা খাতুন - বস্তিতে উন্নয়ন কাজের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।<br>সদস্য জনাব রত্না বেগম বস্তিতে উন্নয়নমূলক কার্যক্রম সাধিত হওয়ায় মেয়র মহোদয় এবং ইজিআইআইপি-৩ প্রকল্পকে ধন্যবাদ জানান।<br>সভাপতি মহোদয় বলেন- মাগুরা পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে নতুন করে আরও ০৪টি বস্তির অনুমোদ পাওয়া গেছে। সেগুলি সকলে মিলে দ্রুতার সাথে বাস্তবায়নের কাজ এগিয়ে চলেছে। তিনি সকলকে সহযোগিতা করার জন্য আহবান জানান এবং এই এলাকা গুলিতে উন্নয়র হয়। উক্ত এলাকায় দরিদ্র মানুষগুলি উপকৃত হবে। সকলে এ বিষয়ে একমত পোষন করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ বস্তি উন্নয়ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। | ইউজিআইআইপি-৩ প্রকল্পের কার্যক্রম শুরু করার লক্ষ্যে অনুমোদিত ০৭টি বস্তি যথা- ইসলামপুর পাড়া বস্তি, সুইপার কলোনী বস্তি, শিবরামপুর উপজেলা পাড়া বস্তি, নিজনান্দুয়ালী চরপাড়া বস্তি ও নিজনান্দুয়ালী আবাসন আশ্রায়ন গুচ্ছগ্রাম বস্তি, পারলা সরদার পাড়া বস্তি, পারনান্দুয়ালী ঋষি পাড়া বস্তির আর্থিক বরাদ্দের অনুমোদন পাওয়া গেছে এবং নতুন আরও ০৪টি যথা- রায়গ্রাম উত্তরপাড়া, পারনান্দুয়ালী লক্ষীকান্দর খ্রী. পাড়া, দরিমাগুরা সরদার পাড়া এবং আদর্শ কলেজপাড়া অনুমোদন পাওয়া গেছে এবং এ গুলিকে দ্রুতগতিতে কার্যক্রম এগিয়ে চলছে। অত:পর প্রকল্পের নির্দেশনা অনুযায়ী পৌরসভার সিদ্ধান্ত মোতাবেক উন্নয়ন কার্যক্রমগুলি চলমান রয়েছে। | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী |

**ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১১. | ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী পুন: কর নির্ধারণ কার্যক্রম চলমান রয়েছে। বকেয়া ও চলতি পৌরকর আদায়ের লক্ষ্যে উক্ত টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে বাড়ী বাড়ী গিয়ে কর আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। যা আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।<br>সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় কর শাখার সকল আদায়কারীকে ২০২২-২০২৩ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর/২০২২ ত্রৈমাসিকের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন। | স্থায়ী কমিটির সুপারিশকৃত কিছু সংখ্যক বে-সরকারি হোল্ডিং এর ট্যাক্স এবং কয়েকটি সরকরি হোল্ডিং এর ট্যাক্স পুন:নির্ধারণ পূর্বক পুন:ধার্য করা হয় এবং ২০২২-২০২৩ অর্থ বছরের পৌরকরের সর্বমোট দাবী ৪০,৫,৮৮,৭৪৭/-টাকা। যার মধ্যে চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে আদায় হয়েছে ৭৯৯১২৫/- টাকা। আদায়ের হার ২১%।<br>সদস্য জনাব ববিতা বলেন দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি সম্মানীত TLCC'র সকল সদস্য নিজ নিজ এলাকায়/মহল্লার সম্মানীত নাগরিকদের পৌরকর পরিশোধের জন্য মতবিনিময় সভা করার অনুরোধ করেন।<br>TLCC এর সদস্য জনাব মোছা: রত্না বেগম বলেন কোয়ার্টারলি আদায়ের হার খুব সন্তোষজনক নয়। তবে আদায় কার্যক্রম আরও জোরদার করা প্রয়োজন। | আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী পুন: কর নির্ধারণ কার্যক্রম চলমান রয়েছে। বকেয়া ও চলতি পৌরকর আদায়ের লক্ষ্যে উক্ত টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডে বাড়ী বাড়ী গিয়ে কর আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। যা আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হয়।<br>সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ২০২২-২০২৩ ইং অর্থ বছরের জানুয়ারী-মার্চ/২০২৩ ত্রৈমাসিকের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন।<br>স্থায়ী কমিটি কর্তৃক সংশোধিত দাবী সুপারিশসহ অনুমোদনের জন্য পৌর পরিষদে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব /ট্যাক্স শাখা |
| ১২. | খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ(হোল্ডিং ট্যাক্স ব্যাতীত) | পৌরসভার রাজস্ব বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবসা পরিবেশ ব্যবস্থাপনার স্বার্থে ট্রেড লাইসেন্সের ত্রুটি বিচ্যুতি নিরসনের জন্য ট্রেড লাইসেন্সে এ্যাসেসমেন্ট বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে এবং সে আলোকে আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা পরোক্ষ কর সম্পর্কে বলেন ২০২২-২০২৩ চলতি বৎসরে নিজস্ব অন্যান্য উৎস খাতে দাবীর পরিমাণ = ৮,৬৭,৩২,০০০ টাকা। চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে আদায় হয়েছে ১৬৪৮৩৩৬৩ টাকা। আদায়ের হার ৭৬.০১%। | সভাপতি মহোদয় ট্রেড লাইসেন্সের প্রকৃত দাবী নির্ধারণ এবং শতভাগ আদায়ের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। হোল্ডিং ট্যাক্স এ্যাসেসমেন্ট কাজ সম্পন্ন হওয়া মাত্রই ট্রেড লাইসেন্স এর বিষয়ে কার্যক্রম শুরু করা হবে। | সচিব/ সাধারন শাখা/লাইসেন্স শাখা |
| ১৩. | গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার ব্যাকআপ যথাযথভাবে সংরক্ষণের জন্য মেয়র মহোদয় কর আদায়কারীকে নির্দেশ প্রদান করেন। কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং ত্রৈমাসিকে ট্যাক্স বিল ৪৮৮ টি প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। | কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মেয়র মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন আমাদের পৌরসভার কর্মকর্তা/কর্মচারীরা মাঠ পর্যায়ে পৌরকর, ট্রেড লাইসেন্স এবং পানির বিল আদায়ের ব্যাপারে সচেষ্ট রয়েছে। তাদেরকে সহযোগীতা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন। | **ট্যাক্স কালেক্টর** |
| ১৪. | ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানির অপচয় রোধ ও পানির বিল আদায় বৃদ্ধি করার জন্য প্রত্যেক গ্রাহককে মিটার দেওয়ার জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহীত হলো। ইতোমধ্যে মিটারিং সিস্টেমের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে বকেয়া এবং হাল সর্বমোট দাবীর পরিমান ৪৪০৯০৫০/- টাকা। যার মধ্যে আদায় হয়েছে ৪১৫৯১৮৩/- টাকা। আদায়ের হার ৬৭%।<br>অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং মাসের ত্রৈমাসিকে ৪০২০টি পানির বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়েছে। | পৌরসভার অনুমোদন ব্যতিরেকে পৌর এলাকা অভ্যান্তরে যেখানে সেখানে ডিপ টিউবওয়েল স্থাপন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সংশোধিত দাবী সুপারিশসহ অনুমোদনের জন্য পৌর পরিষদে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব<br>ওয়াটার সুপার |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | আগামীতে পানির বিল মওকুফ করার কোন সুযোগ দেওয়া হবে না বলে মেয়র মহোদয় মতামত প্রকাশ করেন।<br>TLCC'র সদস্য জনাব পারভীন আক্তার বলেন যে, WC কমিটিতে যে বক্তব্য দেয়া হয়– তার বাস্তবায়ন হলেই আমরা সন্তোষ প্রকাশ করতে পারি। | | |

**ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৫. | ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | উল্লেখিত বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহ কাজ সম্পন্ন হবে। | পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব উদয় শঙ্কর রায় বলেন ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন করে ২৫/৫/২০২২ ইং তাং বিশেষ TLCC এর সভা ও পৌর পরিষদের ২৬/৬/২০২২ইং তাং এর সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে। UGIIP-III প্রকল্পের শর্তানুসারে ২০২২-২০২৩ইং অর্থ বছরে বিভিন্ন খাতে বাজেট বরাদ্দের পরিমাণ যেমন-<br>O&M খাতে ৪০,৭৩,০০০/- টাকা<br>GAP খাতে ২০,০০০০০/- টাকা<br>PRAP খাতে ৩৫,০০০০০ /- টাকা<br>TLCC খাতে ১৫০০০০/- টাকা<br>WC খাতে ২৫০০০০/- টাকা<br>উল্লেখিত বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় নির্বাহ কাজ চলমান রয়েছে। | | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্ম কর্তা |
|---|---|---|---|---|---|
| ১৬. | খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | ২০২২-২০২৩ইং অর্থ বছরে UGIIP-III প্রকল্পের শর্তানুসারে O&M, GAP, PRAP, বিদ্যুৎ ও টেলিফোন বিল, TLCC, WC, সহ বিভিন্ন খাতে বাজেটে বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২২-২০২৩ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে বছরের আর্থিক বিবরণী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পন্ন করে প্রতিবেদন মেয়রের নিকট উপস্থাপন পরবর্তী ০৩/১০/২০২৩ইং তারিখ PMO-তে প্রেরণ করা হবে। | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি জনান- UGIIP-IIIপ্রকল্পের শর্তানুসারে O&M, GAP, PRAP, বিদ্যুৎ ও টেলিফোন বিল, TLCC, WCসহ বিভিন্ন খাতে সঠিক নিয়মে বাজেটে বরাদ্দ রাখাসহ বাজেট প্রণয়ন করে ২০২২-২০২৩ ইং অর্থ বছরের বাজেট TLCC ও নাগরিকবৃন্দের সাথে আলোচনা ও মাসিক সভায় অনুমোদন করে সঠিক ভাবে বাস্তবায়ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, অডিট এ্যান্ড একাউনটস বিষয়ক স্থায়ী কমিটি ও হিসাব শাখা |
| ১৭. | গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী প্রতি অর্থ বছরে আভ্যন্তরিন নীরিক্ষা কার্যক্রম অব্যাহত রেখে প্রতিবেদন ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ PMO-তে প্রেরণ করার সিদ্ধান্ত। | অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন এবং ০৫ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হয়। | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী চলতি অর্থবছর অর্থাৎ ২০২২-২০২৩ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে বছরের আর্থিক বিবরণী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পূর্ণ করে প্রতিবেদন সেপ্টেম্বর/২৩ মাসের মধ্যে মেয়রের নিকট উপস্থাপন করা এবং ০৭/১০/২০২৩ ইং মাসের মধ্যে PMO-তে প্রেরণ করা হবে। | **হিসাব শাখা** |
| ১৮. | ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO-তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং সময়ে বিদ্যুৎ বিভাগ কর্তৃক দাখিলকৃত সর্বমোট বিদ্যুৎ বিলের পরিমাণ (বকেয়া ও চলতি) = ১৩৭৭৪৭৬৩/- টাকা। চলতি কোয়ার্টারে ৮৩২৮১৩০/- বিদ্যু বিল পরিশোধ করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে প্রাপ্ত সর্বমোট টেলিফোন বিলের পরিমান ১৮০৯৫/- টাকা। পরিশোধিত বিলের পরিমাণ ১৮০৯৫/-টাকা। | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO-তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব ও নির্বাহী প্রকৌশলী |
| ১৯. | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার জন্য অন্যতম সদস্য জনাব খান আবুল হোসেন প্রস্তাব করেন।বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে মেয়র মহোদয় বলেন আগামীতে বিদ্যুৎ বিল প্রতি মাসে পরিশোধের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইতিমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ ও টেলিফোন বিল চলমান অর্থ বছরের নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/সচিব /নির্বাহ প্রকৌশলীনগর পরিকল্পনাবিদ/ প্রশাসনিক কর্মকর্তা |
| ২০. | চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। BMDF এর ঋণ পরিশোধ কার্যক্রম যথারীতি চলমান থাকবে। | বিএমডিএফ কর্তৃক দাখিলকৃত কিস্তি সিডিউল হতে অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টার পর্যন্ত ১১০২১৩১৮/- টাকা পরিশোধ করা হয়েছে। | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। BMDF এর ঋণ পরিশোধ কার্যক্রম যথারীতি চলমান থাকবে। | মেয়র, সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

## ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২১. | ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | আগামী অক্টোবর-ডিসেম্বর/২০২২ কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১৩টি স্থায়ী কমিটি আছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমূহের অক্টোবর-ডিসেম্বর/২০২২ মাসের সকল মাসিক সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMO অফিসে প্রেরণ করা হবে। | আগামী জানুয়ারী-মার্চ/২০২২ কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/সহকারী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা |
| ২২. | খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | ধারাবাহিক ভাবে প্রশিক্ষণ কর্মকান্ড চলমান থাকবে। | সভাপতি বলেন UGIIP-III প্রকল্পের নির্দেশনা অনুযায়ী বস্তিউন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেকটি SIC কমিটি ও পৌরসভার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কমিউনিটি এ্যাকশন প্লান (ক্যাপ) এবং নগর সমন্বয় কমিটির সদস্যদেরকে জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ইতিমধ্যে সকল স্থায়ী কমিটির সদস্যদেরকে কমিটির আকার, কমিটির কার্যক্রম, কমিটি গঠন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং পরবর্তীতে সরকারী নির্দেশনা পেলে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয়তার বিষয়ে সদস্যগণ মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | প্রশিক্ষণ কর্মসূচিগুলির ধারাবাহিকতা বজায় রাখার এবং নতুন নতুন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |
| ২৩. | গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | ডিজিটাল নাগরিকত্ব সনদ প্রদানের লক্ষ্যে জনগণকে ডিজিটাল সেবা নিশ্চিত করতে অবিলম্বে ডিজিটাল নাগরিকত্ব সনদ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | মাগুরা পৌরসভার ওয়েবসাইটটি হালনাগাদকরণ ও আধুনিকিকরণ করা হয়েছে মর্মে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন। প্র্যাকটিক্যাল এ্যাকশন এনজিওর সহযোগিতায় ওয়ান সার্ভিস প্রজেক্টের মাধ্যমে মোবাইল বেজড ইউটিলিটি বিল গ্রহণ প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের ফলে গ্রাহকগণের দোরগোড়ায় সেবা প্রাপ্তি নিশ্চিত হয়েছে। | সিটিজেন চার্টারসহ সময়োপযোগি বিভিন্ন সেবা বিভিন্ন এ্যাপসের মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কার্য চলমান আছে। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |

## ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৪. | ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা অগ্রগতির বিস্তারিত আলোচনা। | মাগুরা পৌর এলাকায় বর্জ্যব্যবস্থাপনা সুসংহত করতে পর্যায়ক্রমে নাগরিকগণের সাথে মতবিনিময় সভাসহ সকল কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বর্ণিত আলোচনার আলোকে অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়ন কাজ সম্পন্ন হবে। | ২০২২-২০২৩ অর্থবছরে বর্জ্য সংগ্রহ অপসারণের সর্বমোট বাজেট বরাদ্ধ ১১৮৬৬৭০০ টাকা এর মধ্যে অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে ব্যয় ১৬৫৬৩৪০ টাকা।<br>সদস্য জনাব শাহিনা আক্তার ডেইলী বর্জ্য ব্যবস্থাপনায় বর্জের শ্রেণীবিন্যাসকরণের জন্য অনুরোধ করেন এবং বিভিন্ন স্থানে ড্রেনের পানি নিস্কাশন ব্যবস্থার উন্নতিকরণের অনুরোধ করেন। তিনি শহরের কলেজপাড়াস্থ এলাকার বিবিধ সমস্যার বিষয় সভায় তুলে ধরেন। তিনি কলেজ পাড়া রোডে রাস্তার আলোকিতকরণ নিয়মিত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করেন কারণ তিনি উক্ত এলাকার রাস্তা সমূহের গলির | বেওয়ারিশ কুকুর নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা হবে, নদী থেকে প্লাস্টিক বর্জ্য অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হবে। জনসচেতনতামূলক বহুল প্রচারণা নিশ্চিত করতে হবে। সদস্যগণের অনুরোধসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্ম কর্তা |
|---|---|---|---|---|---|
| | | | ভিতরে মাঝে মধ্যে বিবিধ অসামাজিক কার্যকলাপ প্রত্যক্ষ করেছেন যা রোধ করা একান্ত প্রয়োজন।<br>সদস্য জনাব সমীর চক্রবর্তী পৌরসভার ডাম্পিং স্টেশন স্থাপন বিষয়ে পৌরসভাকে অভিনন্দিত করেন এবং বর্জ্য ব্যবস্থা রিসাইকেলিং সম্পর্কে অবহিত হতে চান।<br>সদস্য জনাব লিপিকাদত্ত এলাকার হরিশদত্ত সড়ক সংস্কারের বিষয়ে পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি ও প্যানেল মেয়র-১ সদস্যগণের মন্তব্যের যথাযথ মূল্যায়নের জন্য পদক্ষেপ নেওয়া হবে বলে জানান এবং বিভিন্ন ওয়ার্ডের আইন শৃঙ্খলা পরিস্থিতি জোরদারকরণে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে জেলা প্রশাসক ও জেলা পুলিশ সুপার বরাবর লিখিতভাবে অবহিত করতে অনুরোধ করেন। | | |
| ২৫. | খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | UGIIP-III প্রকল্প কর্তৃপক্ষ বরাবরে ভ্রাম্যমান ডাস্টবিন, পুশকার্ট, ট্রলি ইত্যাদি সরঞ্জামাদি চেয়ে পত্র প্রেরণ করতে হবে। সদস্যগণের অনুরোধসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট বরাদ্ধ ১৪১১২০০ টাকা এবং অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে ব্যয় ২৯৪৬৪২/-। মাগুরা পৌর এলাকার কাঁচা/পাকা ড্রেনগুলি নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। পৌর কর্তৃপক্ষ পর্যায়ক্রমে পৌর এলাকার সকল ড্রেনই পাকা করণসহ স্লাব দিয়ে ঢেকে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখার উদ্যোগ গ্রহণ করেছেন। | আধুনিক মাগুরা পৌরসভা গড়ে তুলতে স্পর্শকাতর স্থানসমূহে মোবাইল ডাস্টবিন স্থাপন কাজ চলমান থাকবে। | কনজারভেন্সী ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |
| ২৬. | গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | সড়কবাতি কার্যকর রাখার জন্য ডিজিটাল এ্যাপস ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৩৪০০০০০ টাকা অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে ব্যয় ২৪২৩৯৮/- টাকা।<br>মাগুরা পৌরসভায় ইউজিআইআইপি-৩ হইতে বিম লিফটার পাওয়ার পরে পৌর কর্তৃপক্ষ পৌরসভা এলাকার সকল সড়কগুলি পর্যায়ক্রমিক ভাবে আলোকিত করণের উদ্যোগ গ্রহণ অপেক্ষাকৃত সহজ হয়েছে, আরও ১ টা বিম লিফটার হলে কাজ গুলি চাহিদামত শেষ করা যায়। নতুন লাইন সংযোগের ক্ষেত্রে এলাকাভিত্তিক মিটার সিষ্টেম করলে পৌরসভার জন্য আরও ভাল হবে। | পৌর কর্তৃপক্ষ সোলার বাতির মাধ্যমে পৌর সভার গুরুত্বপূর্ণ সড়কগুলি আলোকিত করণের উদ্যোগ গ্রহণ করেছেন। সড়কবাতী কার্যকর রাখা এবং মাগুরা শহরটি পরিপূর্ণ সড়কবাতি দ্বারা আলোকিত রাখা একটি চলমান প্রক্রিয়া ফলে বাস্তবায়ন সময়সূচী নির্ধারণ করা সম্ভব নয়। মাগুরা পৌরসভায় ইউজিআইআইপি-৩ হইতে বিম লিফটার পাওয়ার পরে পৌর কর্তৃপক্ষ পৌরসভা এলাকার সকল সড়কগুলি পর্যায়ক্রমিক ভাবে আলোকিত করণের কাজ সম্প্রসারন করা। নতুন লাইন সংযোগের ক্ষেত্রে এলাকাভিত্তিক মিটার সিষ্টেম করনের কাজ সহজ করার বিষয়ে প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সড়কবাতি পরিদর্শক ও নির্বাহী প্রকৌশলী |
| ২৭. | ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারিকরণ | (২০২২-২০২৩)অর্থবছরের MMT এর কর্মপরিকল্পনা অনুযায়ী অবকাঠামো বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। | মোবাইল ম্যাটেনেন্স (MMT) এর জন্য ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট বরাদ্ধ ৫০০০০০ টাকা এবং অক্টোবর-ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে ব্যয় ১২৭৫৭২/- টাকা। | মোবাইল মেইনটেনেন্সের জন্য বরাদ্দকৃত টাকা (২০২২-২০২৩) অর্থবছরের মধ্যে খরচের সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| | ঙ) স্যানিটেশন | স্যানিটেশন কার্যক্রমের অগগ্রতি পর্যালোচনা | ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট বরাদ্ধ ২০০০০০ টাকা এবং অক্টোবর- | মাগুরা পৌর এলাকার স্যানিটেশন ব্যবস্থার যথেষ্ট উন্নয়ন | কনজারভেন্সী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্ম কর্তা |
|---|---|---|---|---|---|
| ২৮. | কার্যক্রমের ব্যবস্থাপনা | করে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করা । মাগুরা পৌর এলাকায় অধিকাংশ পাকা বাড়ীতে সেপটিক ট্যাংক থাকলেও সোক ওয়েল নাই। ঐ সকল বাড়ীর মালিকগণকে সোকওয়েল নির্মাণের জন্য উদ্বুদ্ধ করার কাজ চলমান রয়েছে। সেপটিক ট্যাকের পয়ঃবজ্য নিষ্কাশনের জন্য প্রকল্প সদর দপ্তর হতে ১.৫০ টনী ০১ টি Vacuam Cleaner পাওয়া গিয়েছে। পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মীদের এসোসিয়েশনে গৃহীত ব্যবহার চুক্তি সম্পন্ন পূর্বক ব্যবহার শুরু করা হবে। | ডিসেম্বর/২০২২ইং কোয়ার্টারে ব্যয় ৩১২৮৮/- টাকা।<br>মাগুরা পৌর সভার পুরাতন বাজারের কসাইখানার স্থানটি নদী ভংগন জনিত কারনে নষ্ট হওয়ায়, নতুন করে প্রয়োজনীয় জায়গা বরাদ্ধ সহ আধুনিক কসাইখানা নির্মাণ করা প্রয়োজন। ১. বন্ধ টয়লেটগুলো মেরামত করে চালুর ব্যবস্থা গ্রহণ করা। ২. ভায়নার মোড় হতে চৌরঙ্গ মোড়ের মধ্যে ০১ টা পাবলিক টয়লেট নির্মাণের প্রস্তাবনা। ৩. বাসটার্মিনালে অবস্থিত পাবলিক টয়লেটের সেপটিক ট্যাঙ্ক বড় করা বা বাড়ানো বা পরিষ্কার করা। ৪. দরিদ্র পরিবারের মধ্যে রিং স্লাব বিতরনের ব্যবস্থা গ্রহণ। | ঘটেছে। বস্তি ও ক্লাস্টারের কাজ শুরু হলে স্যানিটেশন ব্যবস্থার অগ্রগতি তরান্বিত হবে। হোটেল/ রেস্তোরার মালিকগণ বিশুদ্ধ খাদ্য লাইসেন্স গ্রহণ করা শুরু করেছে। স্যানিটেশন কার্যক্রম ব্যবস্থাপনা অগ্রগতির লক্ষ্যে এ্যাওয়ারনেস ডেভেলপমেন্ট এর কাজ শুরু করা হয়েছে। | ইন্সপেক্টর ও স্যানিটারী ইন্সপেক্টর। |

## আলোচ্যসূচী ৩ ঃ সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ে আলোচনা

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্ম কর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ে আলোচনা | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রচলিত আইন অনুযায়ী জবাবদিহিতার ভিত্তিতে সেবাদান কার্যক্রম সহজীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। জন্ম নিবন্ধন ফিস থেকে লব্ধ অর্থ সংগত কারণে সরকারি কোষাগারে জমা না দিয়ে পৌরসভার তহবিলে অর্থাৎ পৌরসভার আয় হিসেবে গন্য করার নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি মহোদয় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ ও জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০18 এর আলোকে মাগুরা পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সফলভাবে পরিচালনা করে আসছে।<br>পৌর নির্বাহী কর্মকর্তা জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে মাগুরা পৌরসভার অক্টোবর-ডিসেম্বর/২০২২ পর্যন্ত হালনাগাদ তথ্য তুলে ধরেন, যাতে দেখা যায়, পৌরসভার মোট জনসংখ্যা ১৩৯৬১০ জন, নিবন্ধিত জনসংখ্যা ১৩৯৬৪০ জন এবং অনলাইনে নিবন্ধনের হার ১০০%। সদস্য জনাব মোছা: আশরাফুন্নাহার বলেন যে, রোহিঙ্গা জনগোষ্ঠি যেন কোন অবস্থাতেই জন্ম নিবন্ধনভূক্ত না হয়– এ বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি জনাব কৃষ্ণা সরকার বলেন- জন্ম নিবন্ধনের কাজে সন্তোষ্ট বলে জানান। TLCC'র সদস্য জনাব শাহিদা খাতুন মাগুরা পৌরসভার জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে বলেন যে, ধারাবাহিকতা অব্যাহত যাতে থাকে সেদিকে খেয়াল রাখা দরকার। | শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্নের জন্য TLCC'র সদস্যগণ স্ব-স্ব ক্ষেত্রে সচেতনতামূলক প্রচারণায় ভূমিকা রাখবেন মর্মে অনুরোধ সহ সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব ও সংশ্লিষ্ট সহকারী |

**আলোচ্যসূচী ৪ ঃ বিবিধ।**

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্ম কর্তা |
|---|---|---|---|---|---|
| | | | কোন আলোচনা হয় নাই | | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মকবুল হাসান মাকুল)**
সভাপতি, TLCC
ও
প্যানেল মেয়র-১, মাগুরা পৌরসভা।

স্মারক সংখ্যা : মাপৌ/২০২২/১২১৮/১(৫৫) তারিখ : ২৮/১২/২০২২ইং।

**অনুলিপি-** সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশলঅধিদপ্তর এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। সদস্য (সকল),TLCC, জনাব.......................................................................................................
৪। জনাব .........................................................................................................................

**(মকবুল হাসান মাকুল)**
প্যানেল মেয়র-১
মাগুরা পৌরসভা।